# কাহারোল ফাউন্ডেশনের সাধারণ পরিষদের প্রথম সভার কার্যবিবরণী

**উপজেলা- কাহারোল, জেলা- দিনাজপুর।**

| | |
|---|---|
| সভাপতি: | জনাব মোঃ আমিনুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, কাহারোল, দিনাজপুর। |
| তারিখ: | ৩০/০৭/২০২৫ |
| সময়: | দুপুর ২:৩০ ঘটিকা |
| স্থান: | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ |

সভায় উপস্থিত সদস্যদের তালিকা:পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

<u>সভার আলোচ্যসূচি:</u>

১। কাহারোল ফাউন্ডেশনের খসড়া গঠনতন্ত্র পঠন ও অনুমোদন প্রসঙ্গে।
২। কাহারোল ফাউন্ডেশনের পক্ষ থেকে বিশেষ সম্মাননা প্রদান প্রসঙ্গে।
৩। তহবিল গঠন ও ব্যাংক অপারেটর নির্ধারণ প্রসঙ্গে।
৪। FDR এর হারানো নথির জন্য থানায় সাধারণ ডায়েরী প্রসঙ্গে।
৫। পূবালী ব্যাংকে হিসাব নম্বর খোলা ও FDR খোলা প্রসঙ্গে।
৬। বিবিধ প্রসঙ্গে।

অদ্যকার সভায় কাহারোল ফাউন্ডেশনের সভাপতি উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ আমিনুল ইসলাম মহোদয় উপস্থিত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন।

সভার শুরুতে ১নং আলোচ্য বিষয় কাহারোল ফাউন্ডেশনের খসড়া গঠনতন্ত্র পঠন ও অনুমোদন প্রসঙ্গে আলোচনা করতে গিয়ে সভার সভাপতি জানান, গত সভার সিদ্ধান্ত অনুযায়ী কাহারোল ফাউন্ডেশনের একটি খসড়া গঠনতন্ত্র করা হয়। উক্ত গঠনতন্ত্রটি তিনি সকলকে পড়ে মতামত দেওয়া ও সংশোধন করার জন্য প্রয়োজনীয় পরামর্শ দেওয়ার জন্য আহ্বান জানান।

সভাপতি সাহেবের বক্তব্য শোনার পর উপস্থিত শিক্ষকগণ সকলেই খসড়া গঠনতন্ত্র পড়েন এবং মতামত দিয়ে সকলের সম্মতিতে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

<u>**সিদ্ধান্ত:**</u> (১) খসড়া গঠনতন্ত্রের সাধারণ পরিষদের প্রথম সভায় উত্থাপিত বিষয়গুলো সংশোধন করে খসড়া গঠনতন্ত্র অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হয়।
(২) খসড়া গঠনতন্ত্র অনুমোদন করার জন্য সভাপতি অনুরোধ করা হয়।

২নং আলোচ্য বিষয় কাহারোল ফাউন্ডেশনের পক্ষ থেকে বিশেষ সম্মাননা প্রদান প্রসঙ্গে আলোচনা করতে গিয়ে ফাউন্ডেশনের সদস্য সচিব উপজেলা শিক্ষা অফিসার জনাব এম কে এ জিন্নাত আলী বলেন, অদ্যকার সাধারণ সভায় কাহারোলের শিক্ষা ক্ষেত্রে বিশেষ অবদান রাখার জন্য আমরা বীর মুক্তিযোদ্ধা সাবেক অধ্যক্ষ, কাহারোল সরকারি ডিগ্রী কলেজ জনাব মোঃ রফিকুল ইসলামকে একটি সম্মাননা স্মারক প্রদান করতে চাই যা গত সভায় আলোচনায় এসেছিল। সদস্য সচিব সাহেবের বক্তব্য শোনার পর উপস্থিত শিক্ষকগণ আলাপ-আলোচনা করে এবং নিম্নবর্ণিত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

<u>**সিদ্ধান্ত:**</u> বীর মুক্তিযোদ্ধা সাবেক অধ্যক্ষ জনাব রফিকুল ইসলামকে সম্মাননা স্মারক প্রদান করা হয় এবং কাহারোল ফাউন্ডেশনের সভাপতি উপজেলা নির্বাহী অফিসার মহোদয় জনাব মোঃ আমিনুল ইসলাম কর্তৃক জনাব রফিকুল ইসলামকে সম্মাননা স্মারক তুলে দিলে উপস্থিত সদস্যগণ করতালির মাধ্যমে শুভেচ্ছা জানান।

৩নং আলোচ্য বিষয় তহবিল গঠন ও ব্যাংক অপারেটর নির্ধারণ প্রসঙ্গে আলোচনা করতে গিয়ে উপস্থিত শিক্ষকদের মধ্যে জনাব রুস্তম আলী, প্রধান শিক্ষক, কাহারোল উচ্চ বিদ্যালয় সভায় জানান যে, উক্ত কাহারোল ফাউন্ডেশনের বর্তমান তহবিল কীভাবে গঠিত হবে এবং এর মূলধন এখন কত? তার প্রশ্নের জবাবে সভাপতি সাহেব বলেন, বর্তমান সোনালী ব্যাংকের স্ট্যাটমেন্ট অনুযায়ী তিনটি হিসাব মিলে সর্বমোট টাকার পরিমাণ ৭,২৮,৫২৬/- (সাত লক্ষ আটাশ হাজার পাঁচশত ছাব্বিশ) টাকা। তবে তিনি সকলকে অনুরোধ করেন আগামী ১ মাসে উক্ত তহবিল কিভাবে ১০ লক্ষ টাকায় রূপান্তর করা যায় তার জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন। অত:পর উপস্থিত সদস্য জনাব মোঃ সুলতান আহমেদ, প্রধান শিক্ষক, পৌরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় সভায় প্রশ্ন তোলেন ব্যাংক অপারেটর কিভাবে নির্ধারিত হবে?

তার বক্তব্য শোনার পর উপস্থিত সকলেই আলাপ-আলোচনা করেন এবং সরশেষে নিম্নলিখিত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**সিদ্ধান্ত:** (১) যে সকল শিক্ষক এখনও চাঁদা দেননি তারা আগামী ৩১/০৮/২০২৫ তারিখের মধ্যে চাঁদা প্রদান করবেন এবং তহবিল বৃদ্ধির জন্য ফাউন্ডেশনের সদস্যদের আরও বেশি মনোযোগ দেওয়ার জন্য অনুরোধ করা হয়।

(২) কাহারোল ফাউন্ডেশনের ১টি হিসাব নম্বর সোনালী ব্যাংক, কাহারোল শাখায় এবং একটি হিসাব নম্বর পূবালী ব্যাংক, কাহারোল শাখায় সভাপতি ও কোষাধ্যক্ষের স্বাক্ষরে পরিচালিত হবে।

৪নং আলোচ্য বিষয় FDR এর হারানো নথির জন্য থানায় সাধারণ ডায়েরী করা প্রসঙ্গে আলোচনা করতে গিয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কাহারোল জনাব মোঃ জিয়াউল আহমেদ সভায় জানান যে, সোনালী ব্যাংকে ইতোঃপূর্বে উপজেলা শিক্ষা ট্রাস্ট (ব্লক নম্বর-০১৯৫২৭২) নামে একটি FDR করা হয়, যার মূল কাগজপত্র হারিয়ে যায়। এমতাবস্থায় FDR টির মেয়াদ পূরণ হওয়ার পরও তা ব্যাংক থেকে তোলা যাচ্ছে না। তাই এ ব্যাপারে তিনি শিক্ষকদের মতামত চান। উপস্থিত শিক্ষকগণ এ ব্যাপারে আলাপ-আলোচনা করে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত:** থানায় সাধারণ ডায়েরী করে যথাযথ ব্যবস্থা নেয়ার জন্য ফাউন্ডেশনের সংশ্লিষ্ট সদস্যদের প্রতি অনুরোধ করা হয়।

৫নং আলোচ্য বিষয় পূবালী ব্যাংকে হিসাব নম্বর খোলা ও FDR খোলা প্রসঙ্গে আলোচনা করতে গিয়ে সভাপতি সাহেব সভায় জানান, কাহারোল ফাউন্ডেশনের সঞ্চিত টাকা FDR করা প্রয়োজন এবং FDR করার জন্য উক্ত ব্যাংকে একটি চলতি সঞ্চয়ী হিসাব খোলা প্রয়োজন। সভাপতি মহোদয়ের বক্তব্য শোনার পর উপস্থিত শিক্ষকগণ আলাপ-আলোচনা করেন এবং সভায় সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত:** পূবালী ব্যাংক, কাহারোল শাখায়, সভাপতি ও কোষাধ্যক্ষের নমুনা স্বাক্ষরে একটি সঞ্চয়ী হিসাব নম্বর খোলা।

(২) সোনালী ব্যাংকের সঞ্চিত টাকা উত্তোলন করে পূবালী ব্যাংকে FDR খোলা।

উক্ত বিষয়ে দ্রুত ব্যবস্থা নেয়ার জন্য সভায় উপস্থিত সকল সদস্য সভাপতি সাহেবকে অনুরোধ করেন।

পরিশেষে সভাপতি জনাব মোঃ আমিনুল ইসলাম অদ্যকার সভায় উপস্থিত সকলের সহযোগিতা কামনা করে সভার পরিসমাপ্তি ঘোষণা করেন।

৩০/০৭/২০২৫

মোঃ আমিনুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
কাহারোল ফাউন্ডেশন
কাহারোল, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাহারোল, দিনাজপুর।
www.kaharol.dinajpur.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.২৭৫৬.০০০.৩০.০৭৭.২৫- ৮০৩৭ তারিখ: ১৫শ্রাবণ, ১৪৩২
৩০জুলাই, ২০২৫

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। জেলা প্রশাসক, দিনাজপুর।
২। উপজেলা ..............................................................অফিসার, কাহারোল, দিনাজপুর।
৩। অধ্যক্ষ,................................................................কলেজ, কাহারোল, দিনাজপুর।
৪। প্রধান শিক্ষক, ...........................................................................বিদ্যালয়, কাহারোল, দিনাজপুর।
৫। জনাব ........................................................................................
৬। অফিস নথি।

৩০/০৭/২০২৫
মোঃ আমিনুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
কাহারোল ফাউন্ডেশন
কাহারোল, দিনাজপুর।
ফোনঃ ০২৫৮৯৯২৯৪৬৫
মোবাইল ফোনঃ ০১৭৬১-৪৯৩৫২৭
ই-মেইল: unokaharole@mopa.gov.bd